গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
সোনাডাঙ্গা, খুলনা

স্মারক নং-৩৪.০১.৪৭০০.০০০.৩৮.০৬১.১৬- ৯৯৯৬ তারিখঃ ১০/০৬/২০২৬খ্রি:

"ভর্তি বিজ্ঞপ্তি"

দেশের ১৮-৩৫ বছর বয়সী **কর্ম প্রত্যাশী যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর এর নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্ম প্রত্যাশী যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।**

| ক্রঃ | প্রশিক্ষণ কোর্সের নাম | শিক্ষাগত যোগ্যতা (নূন্যতম) | কোর্সের মেয়াদ | দরখাস্ত জমার শেষ তারিখ | সাক্ষাৎকারের তারিখ | ভর্তি ও প্রশিক্ষণ শুরুর তারিখ | ভর্তি কোর্স ফি |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | কম্পিউটার বেসিক এন্ড আইসিটি অ্যাপ্লিকেশন (অনাবাসিক) আসন সংখ্যা-৫০ **(১ম ব্যাচ)** মেয়াদ -৬ মাস (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর/২৬ খ্রি:) | এইচ এস সি/ সমমানের পাশ | ০৬(ছয়) মাস | ২৫/০৬/২৬ | ২৯/০৬/২০২৬ সকাল-১০.০০ টা | ০১/০৭/২০২৬ | ১০০০/- (এক হাজার) টাকা |
| ২ | প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন কোর্স **(১ম ব্যাচ)** (অনাবাসিক) আসন সংখ্যা-২৪ মেয়াদ -৬ মাস (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর/২৬ খ্রি:) | এইচ এস সি/ সমমানের পাশ | ০৬(ছয়) মাস | ২৫/০৬/২৬ | ৩০/০৬/২০২৬ সকাল-১০.০০ টা | ০১/০৭/২০২৬ | ১০০০/- (এক হাজার) টাকা |
| ৩ | **ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং** (অনাবাসিক) আসন সংখ্যা-২৪ মেয়াদ -৬ মাস (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর/২৬ খ্রি:) | **৮ম শ্রেণী পাশ** | **০৬(ছয়) মাস** | ২৫/০৬/২৬ | ২৯/০৬/২০২৬ সকাল-১০.০০ টা | ০১/০৭/২০২৬ | **৩০০/-(তিনশত) টাকা** |
| ৪ | **ইলেকট্রোনিক্স** (অনাবাসিক) **(১ম ব্যাচ)** আসন সংখ্যা-২৪ মেয়াদ -৬ মাস (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর/২৬ খ্রি:) | **৮ম শ্রেণী পাশ** | **০৬(ছয়) মাস** | ২৫/০৬/২৬ | ২৯/০৬/২০২৬ সকাল-১০.০০ টা | ০১/০৭/২০২৬ | **৩০০/-(তিনশত) টাকা** |
| ৫ | **রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং** (অনাবাসিক) আসন সংখ্যা-২৪ মেয়াদ -৬ মাস (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর/২৬ খ্রি:) | **৮ম শ্রেণী পাশ** | **০৬(ছয়) মাস** | ২৫/০৬/২৬ | ২৯/০৬/২০২৬ সকাল-১০.০০ টা | ০১/০৭/২০২৬ | **৩০০/-(তিনশত) টাকা** |
| ৬ | **মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটারএ্যাপ্লিকেশন (১ম ব্যাচ)** (অনাবাসিক) আসন সংখ্যা-(৪০+৪০)=৮০ মেয়াদ -৬ মাস (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর/২৬ খ্রি:) | **এইচ এস সি/ সমমানের পাশ** | **০৬(ছয়) মাস** | ২৫/০৬/২৬ | ৩০/০৬/২০২৬ সকাল-১০.০০ টা | ০১/০৭/২০২৬ | **৫০০/- (পাঁচশত ) টাকা** |
| ৭ | **পোষাক তৈরী (১ম ব্যাচ)** (অনাবাসিক) আসন সংখ্যা-২৫ মেয়াদ -৩ মাস (০১ জুলাই হতে ৩০ সেপ্টেম্বর/২৬ খ্রি:) | **৮ম শ্রেণী পাশ** | **০৩(তিন) মাস** | ২৫/০৬/২৬ | ৩০/০৬/২০২৬ সকাল-১০.০০ টা | ০১/০৭/২০২৬ | **৫০(পঞ্চাশ) টাকা** |
| ৮ | **ক্যাটারিং** (অনাবাসিক) আসন সংখ্যা-৩০ মেয়াদ -৬ মাস (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর/২৬ খ্রি:) | এস এস সি পাশ | ০৬(ছয়) মাস | ২৫/০৬/২৬ | ২৯/০৬/২০২৬ সকাল-১০.০০ টা | ০১/০৭/২০২৬ | ১০০০/- (এক হাজার) টাকা |
| ৯ | **ব্লক, বাটিক স্ক্রীণ প্রিন্টিং (১ম ব্যাচ)** (অনাবাসিক) আসন সংখ্যা-২৫ মেয়াদ -৪ মাস (০১ জুলাই হতে ৩১ অক্টোবর/২৬ খ্রি:) | **৮ম শ্রেণী পাশ** | ০৪(চার) মাস | ২৫/০৬/২৬ | ৩০/০৬/২০২৬ সকাল-১০.০০ টা | ০১/০৭/২০২৬ | **৫০(পঞ্চাশ) টাকা** |

**দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি:**

ক) বর্ণিত ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৫ জুন,২০২৬ খ্রি: এবং প্রশিক্ষণ শুরু ০১ জুলাই , ২০২৬ খ্রি:।

খ) বর্ণিত কোর্সে / ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ০৯/০৬/২০২৬খ্রিঃ তারিখ ১৮থেকে ৩৫ বৎসর এবং **কর্ম প্রত্যাশী যুবক ও যুবনারী হতে হবে। তবে** প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

গ) যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।

ঘ) সকল জেলা /উপজেলার আগ্রহী প্রার্থীগণ অনলাইনে https:/ytms.gov.bd লিংকে গিয়ে আবেদন করতে হবে।

ঙ) আবেদনকারী /প্রার্থীর বয়স নির্ধারণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

চ) চুড়ান্ত প্রার্থীদের প্রশিক্ষণ শেষে MFS পদ্ধতিতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ভাতা প্রদান করা হবে।প্রশিক্ষণার্থীদের বিকাশ একাউন্ট এর মাধ্যমে প্রদান করা হবে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর বিকাশ একাউন্ট থাকতে হবে।

ছ) দূরবর্তীস্থানে বসবাসরত **কর্ম প্রত্যাশী যুবদের সুবিধার্থে প্রশিক্ষণে** ভর্তির আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন **কর্মকর্তার কার্যালয় /যুব প্রশিক্ষণ কেন্দ্র / জেলা কার্যালয়/ ইউনিয়ন ডিজিটাল সেন্টারে অনলাইনে উল্লেখিত লিংকে আবেদন দাখিল করতে পারবে।**

জ) আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি (খ) জাতীয় পরিচয়পত্র অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত (রঙিন) ছবি সংগে আনতে হবে।

ঝ) দলিত (সুইপার,ঋষি,ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি /অটিষ্টিক ও তৃতীয় লিঙ্গের জন্য৫% কোটা সংরক্ষণসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ভুক্ত যুবদের কোর্স্ ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষনে ভর্তির সুযোগ রয়েছে।

CamScanner

ঞ) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না

ট) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঠ) ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে সার্বক্ষনিক সক্রিয় মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।

ড) আবেদনপত্র জমা দেয়ার নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না ।

<u>প্রশিক্ষনের শর্তাবলী :</u>

ক) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।

খ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

গ) প্রশিক্ষণ শেষে **আত্মকর্মসংস্থান /কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।**

**ঘ)** প্রশিক্ষণকালীন সকল নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে।

**ঙ) তাত্বিক ক্লাসগুলো অনলাইন/স্বশরীরে এবং ব্যবহারিক ক্লাসগুলো বিভিন্ন গ্রুপে বিভক্ত করে প্রশিক্ষণ পরিচালনা করা হবে।**

**চ)** সকল কোর্সের প্রশিক্ষণার্থীগণ সরকারি বিধি মোতাবেক দৈনিক উপস্থিতি সাপেক্ষে ভাতা প্রাপ্য হবেন।

**ছ)** ইতোপূর্বে যিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি আবেদন করতে পারবেন না ।


মোঃ মোস্তাক উদ্দীন
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর,খুলনা
E-mail: ddkhulna@dyd.gov.bd
ফোন-০২-৪৪১১০৯৪৭


**স্মারক নং-৩৪.০১.৪৭০০.০০০.৩৮.০৩৬.১৬- ১৯৯৬** **তারিখঃ** ১০/০৬/২০২৬খ্রি:

**সদয় অবগতি / কার্যার্থে অনুলিপিঃ**

**১। মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা**
**২। পরিচালক (প্রশাসন / অর্থ/ প্রশিক্ষণ) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা**
**৩। জেলা প্রশাসক, খুলনা**
**৪। পুলিশ সুপার ,খুলনা**
**৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার/বিসিক, খুলনা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারে অনুরোধ করা হলো)**
**৬। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ জেলা মৎস্য কর্মকর্তা/ উপ-পরিচালক, জেলা সমাজ সেবা কার্যালয় / উপপরিচালক,মহিলা বিষয়ক অধিদপ্তর,খুলনা।**
**৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ..........................(সকল) উপজেলা, খুলনা**
**৮। উপজেলা নির্বাহী অফিসার..........................(সকল), খুলনা ( বিজ্ঞপ্তিটি বহুল প্রচারে অনুরোধ করা হলো)**
**৯। সহকারী কমিশনার ভূমি/উপজেলা কৃষি কর্মকর্তা/উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা সমাজ সেবা কর্মকর্তা..........উপজেলা খুলনা।**
**০। ডেপুটি-কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র ,খুলনা কে তার নিয়ন্ত্রনাধীন শ্রেণী কক্ষে প্রশিক্ষণার্থীদের মাঝে বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ জানানো হলো**
**১। সিনিয়র প্রশিক্ষক/প্রশিক্ষক (সকল ট্রেড প্রধান) খুলনাকে তার নিয়ন্ত্রনাধীন শ্রেণী কক্ষে প্রশিক্ষণার্থীদের মাঝে বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ জানানো হলো**
**২। থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর,........................(সকল),খুলনা।**
**৩। ইউনিয়ন ভূমি অফিস..................(সকল) ইউনিয়ন, উপজেলা...................,জেলা ,খুলনা।**
**৪। সরকারী ও বেসরকারী অফিসের নোটিশ বোর্ড,...................(সকল) মেট্রোপলিটন থানা/ উপজেলা, খুলনা জেলা।**
**৫। সভাপতি/সাধারণ সম্পাদক .....................................(যুব সংগঠন) খুলনা।**
**৬। অফিস কপি/নোটিশ বোর্ড।**


মোঃ পারভেজ মোল্যা
সহকারী পরিচালক
ফোন-০২-৪৭৭৭২৬৯৪৯